

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ১. ৩. ৭. বনি-ইসরাইলের অপরাধে মাদিয়ানীয়দের গণহত্যা

গণনাপুস্তক/ শুমারী ২৫/১-৩ ও ১৭-১৮: "শিটীম শহরের কাছে থাকবার সময় বনি-ইসরাইলরা মোয়াবীয় স্ত্রীলোকদের সংগে জেনা শুরু করেছিল। এই সব স্ত্রীলোকেরা তাদের দেব-দেবীর উদ্দেশে কোরবানীর উৎসবে বনি-ইসরাইলদের দাওয়াত করেছিল, আর বনি-ইসরাইলরাও তাদের সংগে খাওয়া-দাওয়া করে সেই সমস্ত দেবতাদের পূজা করেছিল। এভাবে বনি-ইসরাইলরা বিয়োর পাহাড়ের বাল-দেবতার পূজায় যোগ দিতে লাগল। তাতে তাদের উপর মাবুদের গজবের আগুন জ্বলে উঠল.... পরে মাবুদ মূসাকে বললেন, 'মাদিয়ানীদেরকে তোমরা শক্র হিসেবে দেখবে এবং তাদের হত্যা করবে, কারণ পিয়োরের দেবতার পূজা এবং কসবীর ব্যাপার নিয়ে কৌশল খাটিয়ে তোমাদের ভুল পথে নিয়ে গিয়ে তারা তোমাদের শক্র হয়েছে।" (মো.-০৬)

ইহুদিরা জেনা করল, দাওয়াত কবুল করে স্বেচ্ছায় পূজায় অংশ নিল, অথচ এ জন্য ঢালাও হত্যার নির্দেশ দিলেন মাদিয়ানীদের! মাদিয়ানীদের মধ্যে কোনো ব্যক্তি অপরাধী হলে তার শাস্তি হতে পারে। কিন্তু কিছু লোকের অপরাধের জন্য পুরো জাতিকে চিরস্থায়ী শত্রু ঘোষণা এবং নির্বিচারে হত্যার নির্দেশ!

Source — https://www.hadithbd.com/books/link/?id=14259

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন